120 mm X 280mm

# Feglo-FZ®

Ferrous Ascorbate, Folic Acid and
Zinc Sulfate Monohydrate

## Composition

**Feglo-FZ®** tablet: Each coated tablet contains Ferrous Ascorbate INN equivalent to 48 mg elemental Iron, Folic Acid BP 0.50 mg and Zinc Sulfate Monohydrate USP equivalent to 22.50 mg elemental Zinc.

## Pharmacology

**Feglo-FZ®** is the combined preparation of Ferrous Ascorbate, Folic Acid and Zinc Sulfate Monohydrate. Ferrous Ascorbate when administered is converted to ferric form and immediately is reduced to the ferrous form into the stomach. This reduced ferrous form is then transferred to the duodenum where it is highly absorbed. Ferrous Ascorbate has the advantage of providing both ferrous ion and Ascorbate in the same compound. There is no dissociation on entering GI tract due to the stable chelate of Iron with ascorbate. Folic Acid itself is biochemically inactive, is converted to tetrahydrofolic acid and methyltetrahydrofolate by dihydrofolate reductase in liver. These Folic Acid congeners are transported across cells by receptor-mediated endocytosis where they are needed to maintain numerous body functions. Folic Acid enhances chemical reactions that contribute to the production of red blood cells, the manufacture of DNA needed for cell replication and the metabolism of amino acids (compounds necessary for the manufacture of proteins). Zinc is essential to numerous physiological processes, including the function of many enzymes in the body. Deficiency may lead to poor night vision, slow healing of wounds, poor sexual development and function in males, poor appetite (perhaps owing to a decrease in the sense of taste and smell), a reduced ability to ward off infections, diarrhea, dermatitis and in children, retarded growth.

## Indication

**Feglo-FZ®** is indicated for the treatment of iron deficiency especially when inadequate diet calls for supplementary zinc and iron during pregnancy and anemia.

## Dose and administration

***Route of administration:*** **Feglo-FZ®** is taken in oral route.

**Adult and elderly:** The recommended dose of **Feglo-FZ®** is one tablet a day before or after meal or as directed by the physician. In more severe cases, two tablets a day may be required as prescribed by the physician.

## Contraindication

This combination is contraindicated in patients with known hypersensitivity to ferrous ascorbate, folic acid and zinc sulfate monohydrate or any components of this product. This combination is also contraindicated in patients with hemolytic anemia.

## Warning and precaution

Care should be taken in patients who may develop iron overload, such as those with hemochromatosis, hemolytic anemia or red cell aplasia. Failure to respond to treatment may indicate other causes of anemia and should be further investigated.

## Side effects

The most common side effects of this combination are mild and transient. These include epigastric pain, heart burn, nausea, vomiting, diarrhea and constipation. Other side effect is allergic sensitization.

## Use in pregnancy and lactation

**Pregnancy:** Administration in first trimester of pregnancy should be avoided unless definite evidence of iron deficiency is observed. Prophylaxis of iron deficiency is justified during the remainder of pregnancy specifically when zinc supplementation is required.

**Lactation:** If currently breastfeeding then please contact the physician, before taking or continuing the drug.

## Use in children and adolescents

Safety and effectiveness in pediatric patients have not been established.

## Drug interaction

**Drug interaction with medication:** Iron chelates with tetracycline. Since oral iron products interfere with absorption of oral tetracycline antibiotics, this product should not be taken within two hours of each other. Occasional gastrointestinal discomfort may be minimized by taking with meals. Absorption of iron may be impaired by concurrent administrations of penicillamine and antacid. In patients with renal failure, a risk of zinc accumulation may exist.

**Drug interaction with food and others:** Not applicable.

## Overdose

The clinical course of acute iron overdosage can be variable. Initial symptoms may include abdominal pain, nausea, vomiting, diarrhea, tarry stools, melena, hematemesis, hypotension, tachycardia, metabolic acidosis, hyperglycemia, dehydration, drowsiness, pallor, cyanosis, lassitude, seizures, shock and coma.

## Storage

Store in a cool (below 30ºC) and dry place protected from light. Keep away from the reach of children.

## Packing

**Feglo-FZ®** tablet: Carton of 60 tablets in blister pack.

® Registered Trade Mark

**Advanced Chemical Industries Limited**
7, Hajeegonj Road, Godnyl
Narayangonj, Bangladesh

030562

# ফেগলো-এফজেড®

ফেরাস এসকরবেট, ফলিক এসিড এবং
জিংক সালফেট মনোহাইড্রেট

## উপাদান

**ফেগলো-এফজেড®** ট্যাবলেটঃ প্রতি আবরিত ট্যাবলেটে আছে ফেরাস এসকরবেট আইএনএন যা ৪৮ মিগ্রা মৌলিক আয়রন এর সমতুল্য, ফলিক এসিড বিপি ০.৫০ মিগ্রা এবং জিংক সালফেট মনোহাইড্রেট ইউএসপি যা ২২.৫০ মিগ্রা মৌলিক জিংক এর সমতুল্য।

## ফার্মাকোলজি

**ফেগলো-এফজেড®** ট্যাবলেট হচ্ছে ফেরাস এসকরবেট, ফলিক এসিড এবং জিংক সালফেট মনোহাইড্রেট এর সংমিশ্রণে তৈরি। ফেরাস এসকরবেট সেবনের পর ফেরিক অবস্থায় রূপান্তরিত হয় এবং পাকস্থলীতে খুব দ্রুত ফেরাস অবস্থায় পরিণত হয়। এই পরিণত ফেরাস অবস্থাটি ডিওডেনামে স্থানান্তরিত হয়, যেখানে এটি অধিক মাত্রায় শোষিত হয়। ফেরাস এসকরবেট একই যৌগে ফেরাস আয়ন এবং এসকরবেট উভয়ই সরবরাহ করে থাকে। এসকরবেটের সাথে স্থিতিশীল আয়রন চিলেটের কারণে পরিপাকতন্ত্রের ভিতরে প্রবেশের কোন সমস্যা হয় না। ফলিক এসিড নিজেই জৈবরাসায়নিক ভাবে নিষ্ক্রিয়, তাই যকৃতে ডাইহাইড্রোফলেট রিডাক্টেস দ্বারা টেট্রাহাইড্রোফলিক এসিড এবং মিথাইলটেট্রাহাইড্রোফলেটে রূপান্তরিত হয়। এই ফলিক এসিড কনজেনারগুলি রিসেপ্টর-মেডিয়েটেড এন্ডোসাইটোসিস দ্বারা কোষগুলিতে স্থানান্তরিত হয় যেখানে তাদের দেহের অসংখ্য কাজ সম্পন্ন করার প্রয়োজন হয়। ফলিক এসিড রাসায়নিক বিক্রিয়াগুলি বৃদ্ধি করে যা লোহিত রক্তকণিকা উৎপাদন, কোষের প্রতিরূপকরণের জন্য প্রয়োজনীয় ডিএনএ উৎপাদন এবং অ্যামিনো এসিডের বিপাকে (প্রোটিন তৈরির জন্য প্রয়োজনীয় যৌগ) অবদান রাখে। শরীরে অনেক এনজাইমের কাজসহ অসংখ্য শারীরবৃত্তীয় প্রক্রিয়ার জন্য জিংক প্রয়োজনীয়। ঘাটতির কারণে রাতকানা, ক্ষত ধীরে নিরাময়, পুরুষদের দুর্বল যৌন বিকাশ এবং কার্যকারিতা, ক্ষুধামান্দ্য (সম্ভবত স্বাদ এবং গন্ধ হ্রাসের কারণে), সংক্রমণ প্রতিরোধী ক্ষমতা হ্রাস পাওয়া, ডায়রিয়া, চর্মরোগ এবং শিশুদের বৃদ্ধিতে প্রতিবন্ধকতা হতে পারে।

## নির্দেশনা

**ফেগলো-এফজেড®** আয়রনের ঘাটতির চিকিৎসায় নির্দেশিত বিশেষ করে গর্ভাবস্থায় এবং রক্তস্বল্পতায় পরিপূরক জিংক এবং আয়রন এর ঘাটতি পূরণে নির্দেশিত।

## সেবনমাত্রা ও প্রয়োগবিধি

***ওষুধ গ্রহণের পথঃ ফেগলো-এফজেড®*** ট্যাবলেট মুখে গ্রহণ করা হয়ে থাকে।

**প্রাপ্তবয়স্ক এবং বয়স্কঃ** প্রতিদিন একটি **ফেগলো-এফজেড®** ট্যাবলেট খাওয়ার আগে বা পরে অথবা চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী সেবন করতে হবে। গুরুতর ক্ষেত্রে, চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী দিনে দুটি ট্যাবলেট সেবন করা যেতে পারে।

## প্রতিনির্দেশনা

যাদের ফেরাস এসকরবেট, ফলিক এসিড এবং জিংক সালফেট মনোহাইড্রেট বা এই ওষুধের অন্যান্য উপাদনের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এই সংমিশ্রণটি প্রতিনির্দেশিত। এই সংমিশ্রণটি হিমোলাইটিক এনিমিয়া রোগীদের ক্ষেত্রেও প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সচেতনতা

যেসব রোগীদের আয়রন মাত্রাতিরিক্ত হবার সম্ভাবনা আছে যেমন-হেমোক্রোম্যাটোসিস, হিমোলাইটিক এনিমিয়া বা রেড সেল এপ্ল্যাসিয়া হলে, এটি ব্যবহারের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। চিকিৎসায় আশানুরূপ ফল পাওয়া না গেলে রক্তস্বল্পতার কারণ সঠিকভাবে চিহ্নিত করতে হবে।

## পার্শ্ব প্রতিক্রিয়া

এই সংমিশ্রণের সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো মৃদু এবং ক্ষণস্থায়ী। এর মধ্যে পেটের উপরিভাগে ব্যথা, বুক জ্বালা পোড়া, বমি বমি ভাব, বমি, ডায়রিয়া এবং কোষ্ঠকাঠিন্য অন্তর্ভুক্ত। অন্যান্য পার্শ্ব প্রতিক্রিয়া হলো অ্যালার্জির প্রতি সংবেদনশীলতা।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

**গর্ভাবস্থায়ঃ** সঠিকভাবে আয়রনের ঘাটতি নিশ্চিত না হলে, গর্ভাবস্থার প্রথম তিন মাস আয়রন ব্যবহার থেকে বিরত থাকা উচিত। গর্ভাবস্থার অবশিষ্ট দিনগুলোতে আয়রনের ঘাটতি প্রতিরোধে এবং খাদ্যের পরিপূরক হিসাবে জিংক এর ব্যবহার যুক্তিযুক্ত।

**স্তন্যদানকালেঃ** স্তন্যদানকালে ওষুধটি গ্রহণ বা চালিয়ে যাওয়ার আগে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

## শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

শিশুদের ক্ষেত্রে এর নিরাপদ ব্যবহার ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

## ওষুধের প্রতিক্রিয়া

**অন্য ওষুধের সাথেঃ** আয়রন টেট্রাসাইক্লিনের সাথে চিলেট গঠন করে। যেহেতু মুখে গ্রহণ করা আয়রনসমূহ টেট্রাসাইক্লিন অ্যান্টিবায়োটিক এর শোষণে প্রভাব বিস্তার করে, তাই এই ওষুধটি একে অপরের সাথে দুই ঘন্টার মধ্যে সেবন করা উচিত নয়। খাবারের সাথে সেবনের মাধ্যমে পরিপাকতন্ত্রের অস্বস্তিবোধ হ্রাস করা যেতে পারে। পেনিসিলামিন এবং অ্যান্টাসিডের সাথে একত্রে সেবনের ফলে আয়রনের শোষণ বাধাগ্রস্ত হতে পারে। কিডনি অকার্যকর এমন রোগীদের ক্ষেত্রে জিংক জমে যাওয়ার ঝুঁকি থাকতে পারে।

**খাবার ও অন্য কিছুর সাথেঃ** প্রযোজ্য নয়।

## মাত্রাধিক্য

তীব্র আয়রনের মাত্রাধিক্য পরিবর্তনশীল হতে পারে। মাত্রাধিক্যের প্রাথমিক লক্ষণগুলির মধ্যে পেট ব্যথা, বমি বমি ভাব, বমি, ডায়রিয়া, মলের রং কালো হওয়া, মলের সাথে রক্ত যাওয়া, রক্তবমি, হাইপোটেনশন, হৃৎস্পন্দনের গতি বৃদ্ধি, মেটাবলিক এসিডোসিস, হাইপারগ্লাইসেমিয়া, পানিশূন্যতা, তন্দ্রা, ফ্যাকাশে চেহারা, সায়ানোসিস, ক্লান্তি, খিঁচুনি, শক এবং কোমা হতে পারে।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ঠাণ্ডা (৩০°সে. এর নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## প্যাকিং

**ফেগলো-এফজেড®** ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ৬০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ